



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বঙ্গলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ৫৯৯৯

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
০৯ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসা, ডাকঘরঃ বি,এন,হাট, উপজেলাঃ মঠবাড়িয়া, জেলাঃ পিরোজপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৪.০৮.২০১৮ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ করতে হবে।
- ২। শিক্ষার্থীদের জন্য বার্ষিক শিক্ষা সফরের আয়োজন করতে হবে।
- ৩। মাদরাসায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক গভর্নিং বডি থাকতে হবে।
- ৪। অধ্যক্ষ ও অন্যান্য শিক্ষকমণ্ডলীর নিজ দায়িত্ব পালনে আরো মনোযোগী হতে হবে।
- ৫। শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৬। শিক্ষার্থীদের জন্য খেলার মাঠ তৈরী করতে হবে।
- ৭। লাইব্রেরীতে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত বই পড়ার সুযোগ থাকতে হবে।
- ৮। শ্রেণিকক্ষে পরিষ্কার পরিচ্ছন্ন ও পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা করতে হবে।
- ৯। শ্রেণিকক্ষে মূল কিতাব/বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ১০। মাদরাসার স্থায়ী আমানত বৃদ্ধি করতে হবে।
- ১১। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Sudeshina
০৭.০৭.২০১৭

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসা

ডাকঘরঃ বি,এন,হাট, উপজেলাঃ মঠবাড়িয়া, জেলাঃ পিরোজপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, বেতমোর আশ্রাফুল উলুম ফাজিল মাদরাসা, ডাকঘরঃ বি,এন,হাট, উপজেলাঃ মঠবাড়িয়া, জেলাঃ পিরোজপুর।
- ৮। অফিস নথি।

অধি/নবায়ন/ফাইল নং- বরিশাল-১২১